মিলওনার্স অ্যান্ড লার্জ-ক্ষেল প্রোডিউসারস তারা আজকে হোর্ড ক'রে রাখছে—এবং এই রিপোটের কোন জারগায় একথা নাই যে, প্রল প্রডিউসার্স যাদের উপর আজকে যে দোষ চাপান হচ্ছে সেই কথা কোথাও স্বীকৃত হয় নি। তংসকুও এরকম হওয়ার কারণ কি? তার কারণ হচ্ছে, জ্বোতদার, পাইকারদের, মিলমালিক এদের চক্ত—আমরা একথা জানি সরকার এদের প্রত্যক্ষ প্ররোচিত করেছেন এবং সাহাষ্য করেছেন। তার নজীরও আমি দেখাব। কন্টাইএ যে কেস হয়েছে, আমরা দেখতে পেরেছি সেখানে, উড়িয়া উন্বত্ত রাজা ছিল—সেখানে সীমা বে'ধে দেওয়া হর্যোছল যে ১০০ মণের বোল রাখা যাবে না; অথচ বাংলাদশ ঘার্টাত রাজা হওয়া সত্তেও এখানে বিধানবাব্র সরকার ১০০ মণ বাঙ্গিরে ৩০০ ছল করে দিকেন একং এই নির্দেশ দিরোছলেন যে অর্জনার ক্রি দ্বাক্ত

করা বার ৩০০ মণের বেশিও রাখা যাবে। কণ্টাইর যে কেসএর কথা আমি বলছিলাম, একটা সাম্তাহিক কাগজে এই থবরটা বেরিয়েছিল—এবং হিন্দুস্থান স্ট্যান্ডার্ড, স্টেটসম্যান কাগজেও বেরিয়েছিল এবং সেই থবর পণ্ডিত নেহর্র কাছেও পেণছে দেওয়া হয়েছিল এবং আমার কাছে চিঠিও আছে খ্রীচিদিব চৌধ্রী ভারত-সরকারের ডেপ্টি মিনিস্টার অব ফ্রড মিঃ টমাস লিখেছিলেন

"Some M.L.As. of Midnapore district represented that a subdivisional officer of Contai had illegally sealed stocks of paddy of some producers of Contai.

আমি জিল্ডাসা করতে পারি কি, স্যার, তিন ব্যক্তির অর্থাৎ যাঁদের নাম বেরিয়েছিল ৩০০, মণের বেশি মন্ধৃত ঘরে রাথেন বলে তাদের হয়ে কেন ওকালতি করতে গেলেন? এই তিনজনের একজন হল্ছে, ডেপ্টি মিনিস্টার চার্ মহান্তি মহাশ্য়, আরেকজন হল্ছে ডাঃ রায়ের পেট চিত্তরঞ্জন রায়ক্ষ মহাশ্যের ভায়রাভাই শ্রীসতীশচন্দ্র জানা; আরকজন হল্ছেন, মেদিনীপ্রে কংগ্রেস কমিটির প্রেসিডেন্ট শ্রীরাসবিহারী পাল—তারা আপনাদের কাছে তন্বির করলেন, আপনারা এসম্মুক্ত মন্ধৃত্বারদের হয়ে ওকালতি করলেন। স্তরাং স্বন্ধমাদী পরিকল্পনায় কেন্দ্রীয় সরকারের যে সাহায্য পাওয়া যেতে পারে সেই সাহায্য পাওয়া যাবে না।

পরিশেষে আমি বলতে চাই, যতক্ষণ পর্যন্ত বাংলাদেশের গদীতে বিধানবাব, ও প্রফল্পবাব, আছেন ততক্ষণ পর্যন্ত আমাদের খাদ্য সংকট মোচন হবে না।

[4-30-4-40 p.m.]

8j. Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় ডেপ্রটি স্পীকার মহোদয়, খাদ্য সম্বন্ধে বিতকে অংশ গ্রহণ করে আপ্রনার মাধ্যমে কয়েকটি তথা এই হাউসের সামনে রাখতে চাই। এই বিতর্কের আলোচনায় আমরা জেনেছি যে বাংলাদেশে খাদোর ঘাটতির পরিমাণ সরকারী তথা থেকে ৮.৩৫ লক্ষ টন। আমরা বাংলাদেশের অধিবাসী হিসেবে যে সমস্যা অজকে চরম হয়ে দেখা দিয়েছে সেই সমস্যা কি করে সামাধান করা ষায় তার সম্বন্ধে বিধানসভায় আলোচনা না করে এই বিধানসভার মাধামে বাংলাদেশে যে খাদ্য সমস্যা আছে. যে ঘাটতি আছে তার সাথোগ নিয়ে রাজনৈতিক উদ্দেশ্য সিম্ধ করব কি না তা বিচার করবার সময় এসেছে। আমাদের এই বিধানসভার মাধামে এই সমস্যা সমাধান করবার যদি कान भ्र>भणे भथ वात कतरा भारत जारानरे जा एतमत भरक मण्यान राव। किन्छ जा करत यीन বাথা নিজেদের মধ্যে গালাগালি করে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধি করতে চাই তাহলে দেশের সামনে আছে তা আরও জটিল হয়ে দেখা দেবে। এই সমস্যা সমাধান করবার জন্য সরকার যে পথ গ্রহণ করেছেন সে পথ সংগত কিনা আজ আমাদের তাই বিচার করতে হবে। আমরা দেখেছি বাংলাদেশের বাজারে চালের দাম যখন বেড়ে যাচ্ছিল তখন পশ্চিমবংগ-সরকার সক্রিয়ভাবে চিন্তা করেছিলেন যে মূল্য নিয়ন্ত্রণ করে এই দাম কমান যায় কি না। বিরোধী পক্ষের সদসোরা পশ্চিমবর্ণ্য-সরকারের সেই চিন্তার সংগ্র সংগতি রেখে মূল্য নিয়ন্ত্রণ বিধিকে সমর্থন জানিয়ে-ছিলেন। কংগ্রেস সরকার মল্যে নিয়ন্ত্রণ করে বাজারকে যাতে কমান যায় তার জন্য আইন প্রণয়ন করেছিলেন-কেন্দ্রীয় সরকার নিমরাজী হয়ে সেদিন পশ্চিমবঙ্গ-সরকারের এই কাজকে সমর্থন জানিয়েছিলেন। কিন্তু দেখা গেল বাজার তাতে কমল না। প্রথম দিকে কমে পরে আবার বৈডে চলতে লাগল। বাজারে ধানচাল আসা বন্ধ হয়ে গেল। পশ্চিমবঞা-সরকার ঠিক সেই সময় কি উপায়ে বাজারে চালের দর কমান যায়, কি উপায়ে সাধারণ মানুষের কাছে চাল ক্রয়যোগ্য হন্ন তার জনা চিন্তা করলেন এবং তার ফলে কন্ট্রোল অর্ডার উইথড্র করে দিলেন। কিন্তু আজকে পশ্চিমবশ্স-সরকারের সেই কাজ সমালোচনার বিষয় হয়ে দাঁড়িয়েছে। আমি মনে করি সেদিন পশ্চিমবন্স-সরকার দেশের মঞালের কথা চিন্তা করে যা উচিত এবং ন্যায় বিবেচনা করেছিলেন তাই করেছেন। কিন্তু আন্তে আন্তে দেখা গেল তাদের কাজের ফল ভাল হয় নি। তারা যখন কন্দ্রোল অর্ডার উইথড় করেন দেশের কল্যাণের কথা চিন্তা করে। কিন্ত এর পেছনে উন্দেশোর কথা বারা ভাবেন আমি মনে করি তাদের মানসিক চিল্ডাধারা বিকারগ্রুত। পশ্চিমবালা-সরকার ल्यांक जंबनाव ...'क्का मिका वापात कमा क्रको क्रका वाएक जाबात वास्कृतक करा महान नावतिक

ফিরে আসে। কিন্তু আমরা প্রত্যেকে জানি যে এটা খেলার বন্দু নয়। অথচ বিরোধী পক্ষের বন্ধরা ময়দানে, বিধানসভার ওজন্বীনি ভাষার বলেছে যে আমরাই খাদ্য সমস্যার সমাধান করতে পারি। আমি বলব যে সোদনই তাঁরা তাঁলের যোগাতা না হয় দেখিয়ে দেবেন। ভারতবর্ষের মধ্যে যে কটি প্রদেশে খাদ্যসমস্যা প্রকট তার মধ্যে পশ্চিমবংগ কংগ্রেস শাসিত এবং কেরালা কমিউনিস্ট শাসিত এই দুটো অনাতম। কেরালায় কমিউনিস্ট শাসনে খাদ্যের যা মূল্য ছিল আর পশ্চিমবাংলার যা ছিল তা যদি তুলনা করি তাহলে দেখব সেখানে খাদ্যশস্যের মূল্য এখানকার চেয়ে বেশি ছিল। একথা কমিউনিস্ট বন্ধদের অস্বীকার করার সাহস আছে কি যে এই ব্যাপারে কেরালা বার্থতার পর্যবিসিত হয়েছিলেন। সেখানে তাঁদের পেছনে মজ্বতদারদের সমর্থন ছিল। অত্তব আমি কি করে মনে করব যে পশ্চিমবংগ-সরকারের জনস্বাথবিরোধী অন্য উদ্দেশ্য আছে। সেদিন কেরালার যে অবস্থা ছিল তার সংগ্র পশ্চিমবংগর অবস্থা আলোচনা করে মাননীয় জেপ্টি স্পীকার মহাশর আপনার সামনে আমি দুটি কথা বলতে চাই। সেটা হচ্ছে এই যে পশ্চিমবংগ যেদিন থেকে

Price control order introduced

হয়েছিল এবং যেদিনে সেটা তুলে দেওয়া হোল তার বির্দেধ কমিউনিস্ট পার্টির বংধ্রা অভিযেশ্ব এনেছেন যে সরকারের পক্ষ থেকে প্রাইস কন্ট্রোল অভ'ার চাল, করার চেণ্টা হয় নি এবং এতে জোভদার, মজ্বদার ও মিলমালিকদের সমর্থন ছিল। আমি আপনার সামনে এই তথা তুলে ধরতে চাই এবং বলব যে যদি এই তথাের মধ্যে জ্রাণ্ডি দেখাতে পারে ও.হলে মাথা পেতে নেব। এটা কি সত্য নয় যে, গ্রাইস কন্ট্রোল অভ'ার ১-১-৫৯ থেকে ২৩-৬-৫৯ পর্যণ্ড চাল, থাকে এবং ভাতে

Total number of tare price shops
হয়েছিল ৮১৫টি। এটা কি সতা নয় যে
Total number of wholesale dealers prosecuted
হয়েছিল ২৫৭টি। এটা কি সতা নয় যে
total number of retail dealers prosecuted
হয়েছিল ৫৯৬ জন,
total number of persons convicted
যদি দেখি তাহলে দেখৰ যে ৩৪২ জন।
Total number of persons discharged

হয়েছিল কোট থেকে ৫২ জন। wholesale dealers convicted in court

৬৪ জন এবং ১৯টি মিলের বির্দেধ যে কেস চাল্ আছে ৩। এখনও কোটা এ পেশ্ডিং আছে। এই তথ্য সামনে রেখে আমি কমিউনিস্ট বন্ধ্দের জিল্ডাসা করি যে কেরালায় যখন ম্লাব্দিধ হয়েছিল তখন কটা কেস হয়েছিল: একজন, দ্ভেনেরও কি নাম করতে পারেন? কেরালায় রাইস ডিল নিরে বে কেলেংকারি হয়েছিল তা সারা ভারতবর্ষের অজানা নয়। আমরা আজ সেখানকার অবস্থার সপো পশ্চিমবঙ্গের তুলনা করব, চালের ঘাটতির জনা যখন পশ্চিমবঙ্গাে ম্লাব্দিধ হয়েছিল তখন এখানকার সরকার সাহস করেছিলেন চাল ইনটারনাল প্রকিওরমেন্ট করাের কিন্তু অনেকে এখানে বলেছেন যে ইনটারনাল প্রকিওরমেন্ট ফোর করে করা হয় নি। আমি বিয়োধী পক্ষের কমিউনিস্ট বন্ধ্দের জিজ্ঞাালা করি যে কেরালায় ইনটারনাল প্রকিওরমেন্ট কতটা্কু হয়েছিল, এটা কি সতা যে মাত ২১ টন ইনটারনাল প্রকিওরমেন্টএ এই ধান নেওয়া হয়েছিল? আমি জিজ্ঞাালা করি আজ যখন সেখানকার জনসাধারণের চাল কিনবার মত অবস্থা নেই এবং ম্লাব্দিধ যখন ৪০।৪৫এ উঠেছে তখনও যদি সেখানকার সরকার ইনটারনাল প্রকিওরমেন্ট না করে থাকেন, যদি হোডারিসদের এগেনস্টএ কোন রকম আক্রমন না নিয়ে থাকেন তাহলে তারা জনস্বার্থ-বিরোধী কার্যে লিশ্ত হোলো আমানের এই পান্তবর্ষণ বিরোধী কার্যে লিশ্ত হোলো আমানের এই পান্তবর্ষণ



[4-40-4-50 p.m.]

কিন্তু পশ্চিমবংগের কমিউনিস্ট পার্টির ইতিহাস হচ্ছে কলংকের, বিশ্বাসঘাতকতার ও দেশদ্রেমিতার ইতিহাস। তার জন্ম থেকে আজ অবধি ভারতবর্ষের মাটিতে যে ইতিহাস লেখা আছে
তা আজ সারা ভারতবর্ষের লোক জানে। আজ এই খাদ্য সমস্যাকে মেটাবার জন্য পশ্চিমবংগে যে
আন্দোলন গড়ে তুলবার কথা তারা বলেছেন, আমি বলব যে পশ্চিমবংগের খাদ্য সমস্যাকে মেটাবার
জন্য তারা আন্দোলন করেন নি— কেরলোয় তাদের গায়ে যে জন্মলা ধরেছিল তারই ফল হিসাবে
আজ পশ্চিমবাংলায় আন্দোলন করবার চেণ্টা করেছেন। তারা পশ্চিমবাংলার আন্দোলন করে
ক্ষিদ্যাবালার মান্বের খাদ্য সমস্যা সমাধান করতে চান না কারণ পশ্চিমবাংলার খাদ্য সমস্যার
সমাধান হলে তাদের নিজেদের খাদ্য সমস্যা দেখা দেখে।

SI. Amarendra Nath Basu:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার খাদ্যের উপর আলোচনা করবার মোটেই ইচ্ছা ছিল না। খাদামন্ত্রী শ্রীপ্রফল্লে সেন যতাদন ঐ আসনে বসে থাকবেন ইচ্ছা ছিল আমি ততাদন খাদ্যের আলোচনা করব না। এটা শুধু আমার ইচ্ছা নয়, এটা বাংলাদেশের মানুষের ইচ্ছা। কিন্ত াবধানসভার সভা হিসাবে দুটো কথা বলা প্রয়োজন। শুধু সেই জনাই আমি বলতে উঠেছি। পূর্বে কংগ্রেসের দূজন ব্যক্তি বলেছেন যে আন্দোলনের ন্বারা খাদ্য সমস্যার সমাধান হয় না। আমি তাঁদের আপনার মাধামে একথা বলতে চাই যে আমরা আন্দোলন কবে আরুভ করেছি। আপনারা মনে করনে শ্রীসিন্ধার্থ রায় যখন মন্ত্রীত্ব থেকে পদত্যাগ করিয়াছিলেন তখন তিনি মন্ত্রী-গণ্ডলীর বিরুদ্ধে অভিযোগ আনিয়া স্কুপণ্ট ভাষায় বলিয়াছিলেন যে এই অযোগ্য এবং অসাধ্য খাদামন্ত্রী যতদিন থাকিবে ততদিন এদেশের মঞ্চল হবে না। তাঁর পদত্যাগের পর তাঁর নির্বাচন হয়েছিল এবং সেই নির্বাচনের মাধ্যমে দক্ষিণ কলিকাতার মান্যে তাঁর মতকে সমর্থন করে ত কে ার্জাতয়ে দিয়ে এই কথাই জানিয়ে দিয়েছিল যে খ্রীসিন্দার্থ রায় এই সভায় যা বলিয়াছিলেন তা সমুষ্ঠ সতা। কংগ্রেস মুক্তীসভার গণতকে যদি বিশ্বাস থাকে গণতকের কথা যদি তারা বলেন ভাহলে সেদিনই তাদের বিবেচনা করা উচিত ছিল যে তাঁরা তথা গভর্নমেন্ট খাদামন্ত্রী শ্রীপ্রফল্লে **रमतरक** द्राथरवन कि द्राथरवन ना। आलाहना आमता किर्तान? मतन करान, ५ वश्मत ना रहाक অন্ততঃ ৪ বংসর ধরে এই খাদ্য ব্যাপারে আলোচনা হচ্ছে বিধানসভায়, উপদেন্টা কমিটিতে দিনের পর দিন। আমাদের সমস্ত কথা ওরা শ্রনেছেন কিন্তু উপেক্ষা করেছেন। উপদেন্টা পরিষদের **মধ্যে আমরা যেসব আলোচনা করেছি সেইসব আলোচনা যাত্তিয়ত্ত আলোচনা ছিল। আমরা** আজকে যা বলি সেটা ঘটে যায় ২ মাস বাদে। আমরা দেখেছি যে কংগ্রেস পক্ষের সদস্যরা এবং কংগ্রেস পক্ষের মন্ত্রীরাও আমাদের সেইসব কথায় মোটেই কান দেন না। যথন আমাদের এই অবস্থা হল, যখন আমরা উপদেন্টা কমিটি থেকে চলে এলাম তখন আমরা একথা জানিয়ে দিয়ে-ছিলাম যে আমাদের আন্দোলন ছাড়া আর কোন পথ নেই। কিন্তু আন্দোলনের কি চেহারা ছিল তা আপনারা দেখেছেন। ৩ মাস ধরে আন্তে আন্তে ধারে ধারে এই আন্দোলন করেছি। আমরা একথা কোন দিনই চিন্তা কতিনি যে আমরা দেশে অশান্তি স্ভিট করব, বিশ্ৰুথলভাবে আইন অমান্য করব। আমরা পরিক্ষারভাবে একথা ময়দানে রেথেছিলাম। শ্রীযুব্তা মণিকুন্তলা সেন বলেছিলেন যে আমরা আজকে যে রাইটার্স বিল্ডিংসএর দিকে যাচ্ছি তা এই উল্লেশ্যে নয় যে আমরা বিধানবাবরে অঃসনে হেমন্তবাব্বকে বসাব। আমরা সেখানে আমাদের দাবী জানাবো. এ ছাড়া আমাদের আর কিছু কথা ছিল না কিল্তু এই আন্দোলনকে বিপথে নিয়ে গেছেন ঘাঁরা থকার আসনে বসে আছেন তারা। আমি প্রলিসকে দোষ দিই না। ৩১ তারিখে রাত্রে তারা যে ব্যবহার করেছে, বিরাট জনতার উপর সেই কাজ করবার ক্ষমতা তাদের হোত না যদি না ডাঃ বিধানচন্দ্র রায় বা কালীপদ মুখার্জুি মহাশয় তাদের কোন রকম নির্দেশ দিতেন। শান্তি এবং শুপ্রধান বজার রেখে যারা আইন অমান্য করতে যাচ্ছে তাঁদের উপর এই রকম নিম্মভাবে এবং নিষ্ঠারভাবে অত্যাচার করার ক্ষমতা পর্লিসের নেই যদি না মন্দ্রীদের কাছ থেকে কোন নির্দেশ আসে। আমার এদিককার ২।১ জন বন্ধ্য সেকথা বলেছেন এবং বলবার সময় তাদের ভাষাটা আর একটা ভাল হোলে হয়ত ভাল হোত, কিল্ত আমি একথা বলবো, যে বাবহার সেদিন পরিলস পরেছে তা বদি কোন মানত্র দেখতো তাহলে সে পাগল না হয়ে গিয়ে পারতো না। আমি একথা ভাৰছিলাৰ যে, ক্ষেত্ৰদের বাঁৱা মন্ত্ৰী আছেল তাঁলের মধ্যে কি এক্ষমণ্ড মান্তৰ লেই? আছেল, বিমল সিংহ মহাশর আছেন, আমেদ সাহেব, ভূপতি মজ্মদার মহাশর আছেন। তাদের কি এটা প্রাণে লাগে নি? তাঁরা কি বলতে পারেন না যে, মন্দির্ভের মোহ আমাদের নেই—আমাদের বাংলার ছেলেমেরেদের এরকমভাবে লাঠি মেরে গালি করে শেষ করে দেবে? তাদের দাবী অতি সামান্য তারা বে'চে থাকতে চায়, দুটো ভাত থেতে চায়, একটা চাকরি চায়। এটা কি এমন দাবী যে তার বিনিময়ে তারা সরকারের কাছ থেকে পাবে লাঠি আর গালি? এ জিনিস আমি কোনদিন কল্পনাও করতে পারি না। আমি আশা করেছিলাম এইসব মান্ধ যেখানে মন্দ্রীদ্ধে আছেন-ঘাদের প্রতি আমার যথেন্ট শ্রন্থা আছে তারা এগিয়ে এসে বলবেন অন্তত মন্তিসভায় বলবেন যে আমরা মন্ত্রীয় ছেড়ে দেবো যদি এইভাবে নির্বিচারে নির্বাহ মান,ষের উপর গুলি চালানো হয়। আপনারা খোঁজ নিয়ে দেখবেন খাঁরা মার। গেছেন তাঁব। কার। (শ্রীনেপালচন্দ্র রায়ঃ গনেডারা)। মোটেই নয় আমি এ বিশ্বাস করি না। আমি আপনাদের করেছ বলবো সেদিন থানায় যেসব অত্যাচার হয়েছিল তার খোঁজ অপনাবা নিন বড়তলা থানা, মুচিপাড়া থানা, টা**লীগঞ্জ থানা** Po্যাদি থানায় নিম'মভাবে যেসব লোককে মেরেছে তার থবর নিন, তার তথ্য সংগ্রহ কর্ন। সেজনা জেলখানায় যখন আমার এম পি বংধুরা দেখা করতে গিয়েছিলেন তথন আমি তাঁদের কাছে একথা বলেছিলাম যে গ্রামে এক সের চাল বেশি দাও কি কম দাও, শহরের মান্যকে ১৭ টাকা কি ১৮ টাকা দরে চাল দাও সে চিত্তা আজ আন্দোলন-কার্রীদের মনে নেই। আজকে যে প্রিলসের গ্রিলতে জনসাধাবণের ব্রকের রঞ্জে কোলকাতার রাজপথ ভিজে গেছে তার কি প্রতিকাব হবে ২ যতদিন না তার প্রতিকার হয় ততদি<mark>ন এর শেষ</mark> নেই। আমি এজন্য অত্তিত দুঃখীত যে এত বিবৃত্তিৰ ভাৰ আমার মুখামণ্ডীর উপর **ছিল না** কিন্ত আমি আজ দেখছি যে তিনি বাংলাকে ডবিয়ে দিতে যাচ্ছেন বাংলার কংগ্রেস তো **ডবেই** গেছে ৷

[4-50-5 p.m.]

বাংলার ছাত্রণের ফনে এফন একটা ভাব জাগিয়ে তুলেছেন যে তারা গণতন্তের উপর বিশ্বাস হারাতে বসেছে। তারা আজ কেন পথে যাবে সসেপথত আবার দায়িরহান। আবার তাঁরা হয়ত বলবেন বিরোধী দলগালৈ ঠেলে দিছেন তাদের সেই পথে। কিন্তু আমি বলব আজ কংগ্রেস সরকারই ঠেলে দিছেন ছাত্রদের সেই পথ অবলানন করতে। তাঁরা কেন ঠেলে দিছেন? কি কারণে তাঁরা এফন কবছেন? তাঁদেব মনে হয়ত এই ধারণা আছে যে যদি প্রফল্লে সেন মহাশয়কে গদীচ্বত করা যায় তথলে কংগ্রেসের ইনজং যাবে। কংগ্রেস যদি ঠিক করেন যে এই রকম একজন অসাধ্য মন্তাঁকে ভাতাব, তাকে আর গদীতে রাখবো না, তাতে কংগ্রেসের ইজং বাড়বে, তাতে কংগ্রেসের ইজ্জং বাড়বে আন্দোলন সম্পক্তে সমসত আটক বন্দীদের মাছি দিন। দাছিন্দি প্রতিরোধ কমিটির নেতাদের সংগ্রেসাকান কর্ন। এই মনোভাব আর পোষণ করে রাখবেন না যে—'যতক্ষণ পর্যাত্র না অপনারা আন্দোলন বন্ধ করছেন, ততক্ষণ পর্যাত্র আমরা কিছু করবো না।

বাংলার ছার্রদের এই আন্দোলন আপনারা বন্ধ করতে পারবেন না। তারা যে হামলা হাতে নিরেছে, তারা তাদের দাবী আদায় করবার জন্য এগিয়ে যাচ্ছে এবং আরও এগিয়ে যাবেই যাবে। আপনারা কিছুত্তই তাদের ঠেকাতে পারবেন না। আপনি কি বাংলার আন্দোলনের কথা ভূলে গিয়েছেন? আজ সেই আন্দোলন কোথায় চলে গিয়েছে। আপনারা সমস্ত বিষয় ভাল করে চিন্তা কর্ন। আপনাদের কথা হচ্ছে প্রফ্লেবাব্কে বাঁচ তে হবে। তার জন্য কালীবাব্কেও এই অবস্থায় পড়তে হয়েছে—শুখ্ একজন মন্তীকে রক্ষা করবার জন্য আপনারা এই রক্ষ একটা একথা দেশের মধ্যে স্থি করছেন এবং যার জন্য আপনারা সম্পূর্ণ দারী। আমি অমার শেষ কথা বলে যাছিছ এই খাদ্য আন্দোলন থায়েনে না যতক্ষণ পর্যন্ত না আপনারা তাদের দাবী প্রেম করছেন। যাঁরা খাদ্য আন্দোলনের দাবী নিয়ে সংগ্রাম করছেন, তাঁদের সংগ্র যতক্ষণ পর্যন্ত না অধ্যান ব্যক্ষণ প্রশিক্ষা অধ্যানারা আলোচনা করছেন ততক্ষণ প্রশ্বত এই আন্দোলন চলতেই থাকবে।

Shri Siddhartha Shandar Ray: Mr. Deputy Speaker, Sir, the time at my disposal is short but the problems are many. I therefore propose to deal with only one or two aspects of the question before the House today. In the first place I shall not try to prive that which has been proved kundred.

times over, namely, that the Government's food policy has totally failed and that our Food Minister has earned for himself the reputation of being thoroughly inefficient. I think, thanks to the great work done by the leaders of the Durvikshya I'ratirodh Committee as well as the Press which is popularly known as the fourth State of the realm, the people of Bengal have accepted that as a recognised fact. But what I wish to do is to make a few points without introducing any acrimony or heat into this placid atmosphere of the House today.

My first point is this that our motoo must be first and foremost—produce or perish. Produce if you want to live, do not produce and be condemned. Time has come for the Government to evaluate the benefits that our State has actually received from the giant river valley schemes, time has come for the Government to let us know as to whether the large tracts of fields on both sides of the canals dug with the help of lakks and lakks of peoples money are actually being cultivated or not, time has come for the Government to tell us what actually in pound, shilling and pence or I should rather say in maunds and seers have we gained from these canals and from these river valley schemes. I may be misinformed but all that I wish to say is this that we have not been really benefited by these river valley projects. Some production perhaps has been increased but not to the extent as was expected when these high-sounding schemes were put into action. I would, therefore, request Dr. Roy, I would ask hum to rise to the occasion and to see that propaganda is carried on both sides of the large tracts of the canals not only by himself and his party but by every other party in this House.

I want public meetings to be arranged by the Publicity Department of the Government of West Bengal in which the speaker will not only be Dr. Bidhan Chandra Roy but also Shri Jyoti Basu, Shri Hemanta Basu, Shri Amar Basu, Dr. Prafulla Chandra Ghosh and others. I want all parties to forget the differences on the food front because this is a serious problem, a problem which unless solved will land us in ruin, will completely mark us as negligent and inefficient people, will completely damn us, if I may use the expression, for all time to come and the posterity will call us as people who have ruined the State of West Bengal. All political parties must co-operate on this issue. There cannot be any question about it and we should act as mature men and not as the persons that we saw the other day. All of us disgraced ourselves on the last occasion. There cannot be any question about it. On the last day when shoes were being hurled, one thought that we instead of being in this August Assembly were acting perhaps as inhabitants of a monkey house. I appreciate the statement that I saw in one of the papers that the damage that was caused the other day to the State in this House should be realised by the imposition of a punitive fine upon each and every member of the House. I think we owe it to the nation. We are all here. I take the responsibility and I am sure Dr. Bidhan Chandra Roy also takes the responsibility.

এক হাতে তালি বাজে না।

But I am not going into the merits or demerits of the question. I am appealing to the House that unless this question of production is solved, there can never be a solution of the food problem. It is a deplorable state to see the Chief Minister and our Government going on yearly pilgrimage to New Delhi in July, Octaber and September begging for more and more tons of rice and wheat. This is a thing which we must stop. It is a thing which is connected with the honour of Bengal and the Bengalees and we must see that production is increased. How this production will be increased has to be decided if Dr. Roy rises to the occasion and seeks the co-operation of the parties opposite him. In fact, I want to make this offer to the Chief Minister here and now. Will you please ask Shri Jyoti Basu, Shri Niranjan Sen Gupta, Shri Amar Bose, Dr. Prefulls Chandra Ghose, Shri Hemante

Basu, Shri Jatin Chakravorty and Shri Subodh Banerjee—I am not sure whether I have mentioned all the names—will you please here and now ask them all to come to your room and as jurors sit round the table and discuss the matter and please come out with an unanimous decision? That will solve all the problems including the present food movement, and this has to be done in the name of Bengal. I would request Dr. Roy to do this here and now. Please invite into your room the leaders of the parties in the House irrespective of the fact whether the food movement is called off or not. People will say that even your virtues have aged. What was your previous capacity for practical and immediate solution has been now transformed into total incapacity and that what was previously your firmness has now degenerated into sheer obstinacy. Let not people say this. I beseech you, I heg of you, when the House will rise at five, will you please here and now, as soon as I sit down, invite the leaders and ask them to go to your room and suggest as mature men—not as those who had created the trouble the other day, whether from this or that side of the House—a way out to solve this problem in West Bengal once and for all? Remember that in two years our deficit has gone up to 52 lakh tons. Where do we stand? Con't you realise this?

.5-5-20 p.m.]

It is no use making speeches, it is no use making accusations. The fact of the matter is that we have failed to produce and production should be our watch-word. Unless that is done we shall fail. Mr. Patil, our Food Minister, has said that the crisis is a crisis of confidence. I would prefer the crisis to be called a crisis of production. Of course the crisis of confidence is correlated to the crisis of production. You cannot produce unless you have confidence-and you cannot have confidence- that is another matter with tegard to which I want Dr. B. C. Roy to pay his attention, you cannot have confidence if you have a man like Shri Prafulla Chandra Sen as Food Minister of West Bengal. I know, I have heard it from authoritative quarters, Shri Prafulla Chandra Sen is quitting by December, 1959. It is a recognised fact that he is quitting the Food Ministry but not the Ministry. There should be no prestige lost in declaring it openly that Shri Prafulla Sen will go, that in effect that will be done. If you say that the principal hurdle will have been crossed. We shall be looking forward to the day when we can solve the problem sitting across the table. Mr. Prafulla Sen is not in the House. It is not dishonourable in a democracy, if this is really a democracy, for a Minister to resign admitting that he has failed. It does not lower him down in public estimation. If anything, it enhances his reputation as a man of character and integrity. But the question is, will Shri Prafulla Sen behave as a man of character and integrity? That is the question before the House and we shall wait to see what answer the Chief Minister and the Food Minister give to this question.

Thank you, Sir.

[At this stage the House adjourned for 15 minutes,]

[5-20-5-30 p.m.]

8j. Samer Mukhopadhyayı

মাননীর ভেপ্টো স্পীকার মহাশর, আমি সরকার বে ফ্রভ পালিসি ভিক্লের্যার করেছেন, ম্তন তারি স্টেটমেন্টএ, আমি সে সম্পর্কে বিশেব কিছু বলছি না। এই সম্পর্কে বধেন্ট আলোচনা হরেছে। এবং অনেক বন্ধ্যু সরকারের কাছে আবেদন করেছেন, অনেকে অনেক সদিচ্ছা প্রকাশ করেছেন বাতে সরকার বিভিন্ন পরেন্ট বিবেচনা করেন। কিন্তু এই সব আবেদনের কি বে পরিপতি হবে

সে আমরা জানি। কৈন না—কোন একটা পলিসির যদি মুলে গলদ থাকে তাহলে সেটাকে বদলান অথবা কিছু অভিজ্ঞতার বিনিময়ে করা সম্ভব নয়। পলিসিটকে শুধু আইসোলেটেড ওয়েতে দেখা ঠিক হবে না কেন না, বিভিন্ন পলিসির পেছনে যে ইন্টারেন্ট...

Shri Ganesh Chosh: Mr. Deputy Speaker, neither the Chief Minister nor the Food Minister is there. You must ask the Chief Minister to come.

8j. 8amar Mukhopadhyay:

একটা মূল জিনিস আমাদের সব সময় মনে রাখা দরকার কেন না politics is the reflection of economy.

এবং কোন পলিসি কখনও ইকন্মিকে বাদ দিয়ে কাস ইন্টারেস্ট্রে বাদ দিয়ে ডিটার্মিন হয় না সেজন্য কোন পলিসির পেছনে কোন কোন ইন্টারেস্ট পেল করছে তাকে ডিফেন্ড করছে সেই মালে যতক্ষণ না পেণছাতে পারি ততক্ষণ আমরা সেই পলিসিকে ব্রুতে পাচ্ছি না। এই পলিসিকে পরিবর্তন করা কিভাবে সম্ভব ? যতই গ্রেষণা হোক যতই এক্সপার্ট কমিটি হোক যতই পরিকল্পনা এখানে হোকা, যতদিন গভর্নমেন্ট ভেসটেড ইন্টারেন্টকৈ ডিফেন্ড করার জনা তার সমস্ত শক্তি নিয়ে গ করবে তত্দিন এই ফুডে ক্রাইসিসএর সলিউসন কিছুতেই সম্ভব নয়। এবং এই যে খাদা আন্দোলন হচ্ছে এটা এই নয় যে কয়েকটা পটি মিলে আর একটা পার্টির বিরুদেধ কিংবা একটা সেকশন আর একটা সেকশনএর বিবুদেধ লড়াই। এই আন্দোলন হচ্ছে ফডে পলিসিকে বদলানোর জন্য যাতে পিপাল ফডে পায়। এই পলিসি বদলালে ভেস্টেড ইন্টারেন্টএর ক্ষতি হবে, সেই ভেন্টেড ইন্টারেন্টএর ক্ষতি করে পিপলএর হাতে ফুড এনে দিয়ে এই গভর্মেন্ট নিজেরা সেই কাজ কর্বে এ সম্ভব নয়। তার বদলে প্রফিটিযারস, হোর্ডার্সদের ভিষেত্ত করার জনা তাদের সাধারণ মান্মকে গুলি করতে এতট্কু কুঠা নাই এবং ইতিহাসে এই कार्रिभोलिंग्रे स्मामार्टेशित रूपारेख रेग्लेखिंग्रे स्थारम त.ल करत स्मार्थरम जाय। वात वाव मान्यरक হত্যা করে, ভেন্টেড ইন্টারেন্টকে রক্ষা করার জনা। এত লক্ষ লক্ষ লোক এই আন্দোলনে যোগ-দান করা সত্ত্তে এই গভন্মেণ্ট মালতঃ তাদেব পলিসিব কোন পরিবর্তন করে নি। তারা যে-সমস্ত স্ক্রিম করেছে মডিফ'য়েড বেশন বাডিয়ে দেওয়া হয়েছে এবং ১ কোটি ৭৬ লক্ষ লোককে মজিফায়েড রেশনিংএর বেনিফিটএর মধ্যে আনা হয়েছে এই সমস্তই যা স্টেটমেন্টএ আছে তার রিয়ালিটির সঞ্গে কতটা সংযেগ আছে তার দুই একটা তথ্য অণমি দেব। পলিসিগত ব্যাপারে আমি বিশেষ আলোচনায় যাচ্ছি না। হাওডার ঝাকডদায় রিটেলার হরিময় মুখার্জি গত সংতাহে ১১০ মণ সাম্পাই চেয়েছিলেন, পেয়েছেন ৪২ মণ। পশ্পতি হাজরার দরকার ৭০ মণ, পেয়েছে ২৭ মণ। দেবেন প্রামানিকের দরকার ১০০ মণ্ড পেয়েছে ৪০ মণ্ড গোষ্ঠ মাঝির দরকার ৬৫ মণ্ড **পেয়েছে ৩৬ মণ, শতীশ ক**ভার দরকাব ১১০ মণ, পেয়েছে ৩৭ মণ। এই রকমে বিভিন্ন থানায় এইসব দোকানদারদের সাংলাই দেওয়া হয়েছে। এবং তার মধ্যেও কোন রেগলোরিটি নাই. হয়তো কোন সংতাহে কোটা বেশি গেল আর এক সংতাহে অনেক কম। তারপর বলা হয়েছে, বি ক্লাস, সি ক্লাস এই উভয়কে মডিফায়েড বেশনিংএর বেনিফিটএর মধ্যে আনতে হবে। কিন্তু এই যে ক্লাসিফিকেশন তা বহা ক্ষেত্রে ইউনিয়ন বেসিসএ করা হয় নি। ষেমন, ডোমজ্যুড় এলাকার ফ্রুড ডিপার্টমেন্টএর এরিয়া ইন্সপেক্টরকে বলা হয়েছে, তিনি ঠিক ক'রে দেবেন, কিন্তু এটা তাঁর পক্ষে করা সম্ভব নয়। তা ছাড়া গ্রামাণ্ডলে যে রিলিফএর বাবস্থা করা হয়েছে তা অত্যন্ত ইনসাফিসিয়েন্ট যাতে যারা প্রকৃত দৃষ্প তাদের একটা বৃহত্তম অংশ কোন বেনিফিট পায় না। তারপর, ইউনিয়ন বেসিসএ যে ভেম্পিটিউট লিম্ট করা হয় সেই লিম্ট অন্যায়ী কিভাবে সাম্লাই হয় দেখুন—ঝাপড়দহ हैर्जेनिसरन म्हन्थ कार्मिनित সংখ্যা रूट्य ৬०० এবং तिनिक भाट्य २००, मिक्क स्वीभज़्मर ইউনিয়নে দঃস্থ ঘরের সংখ্যা হচ্ছে ৮০০ ঘন, পাচ্ছে ১০০ ঘর। কোলেড়াতে ৭০০ দঃস্থ षरवंत मरशा, भाराष्ट्र ६४। काज़ी देरोनियान ৯०० घत एः स्थ भाराष्ट्र ६०। এतकमजात तिनिष দেওরা হর - তার যে তথা আমরা সংগ্রহ করতে পেরেছি তাই এখানে দিলাম। তা ছাড়া, <u>क्रीधकानागाला लानकत्र कथ - याता वर्जिन थ्याक क्रीधकानागाल लानकत्र जना मत्रथान्य</u> করেছে তাদের অধিকাংশ লোকই পার নি—বেমন, আমতা থানার অধীনন্থ ক্রলিরা ইউনিরনের

একজন মেন্বার বললেন, বৈশাধ মাসে বেসব দরধানত করা হরেছে সেগ্রিল সার্কেল আফিসার্এয় কাছে জমা পড়ে রয়েছে। একটা দরখানেতর জবাবও দেওয়া হয় নি। তারপর eattle purchase loan, group loan

যা দেওরা হয় তা অতানত ইনসাফিসিয়েন্ট। এই অবস্থায় সেখানে চালের দাম হৃ হৃ কারে বেতে যাছে। এই রবিবার আমি সেখানে ঘরে এসেছি- সেখানে কোর্স রাইস সাড়ে বার টাকা সের এবং ফাইন রাইস চোদ্দ আনা পর্যনত উঠেছে। কিছুদিন আগে চালের দর কমে গিরেছিল, কিম্তু আবার বাড়তে শ্ব্রু করেছে। গভর্নমেন্টএর যান্তি হ'ল আন্দোলন করলে বিশ**ংখ**লা দেখা দেয়। তাতে চালের দাম বাড়ে। কিন্তু আমরা অভিজ্ঞতায় দেখেছি যে, আন্দোলন করলেই খাদাদুবোর দাম কমে। সেই আন্দোলন হ'ল, খাদোর দাম কমল। সরকারপক্ষের যুদ্ধি হ'ল আউশ ধান উঠায় চালের দাম কমেছে সেটা সম্পূর্ণ ভল। লোকে স্পন্ট ব্রেখছে আন্দোলনের ফলে চালের দর কিছাটা নেমেছিল। আজকে সাধারণ মান্য একথা হাদয়**পম করেছে বে**. গভর্নমেন্টকে যদি বাধ্য করা যায় তা হলেই হয়তো দাম কিছু কমতে পারে। গ্রামাণ্ডলে আভ কি সাংঘাতিক অবস্থার সৃষ্টি হয়েছে। সেদিন আমি একটা সংবাদ পে**লাম যে, আমন ধান** মাঠে কাঁচা অবস্থায় লোকে বিক্রি ক'রে দিতে বাধা হচ্ছে। মহাজনরা এভাবে আজকে কৃষকদের সর্বনাশ করছে। এ ধান পাকলে তারা কত মনোফা করবে সেটা সহজেই অনুমান করতে পারেন। এভাবে আমাদের দেশের কুষকদের বঞ্চিত ক'বে মহাজনরা ২০-২২ টাকা মণ দরে বি**ত্তি ক'রে** প্রচুর অর্থসঞ্চয় কল্ছে এবং কুষক্দেবও এমন অবস্থা নয় যে, তারা ধান ধ'রে রাখতে **পারে।** গভর্মনেন্ট তাদের সময়মত ঋণ দিয়ে সাহায়া করেন না এবং এভাবে আজকে বাংলাদেশের গ্রামীণ অর্থনীতি ভেপে পড়েছে। আজকে যদি সরকার তাঁদের মামুলি নীতি পরিতাা**গ না** करतन जौता रंग भीनीन रुठक्ष वन कथा वर्त्तरहरून, वातवान फिर्ट्यमात करतरहरून अवर रंग निष्का <u>क्षकाम करतरहर जा कथन अकार्यकरी भम्छव करव ना।</u>

তারপর আমাদের খাদ। আন্দোলন দমনের জন্য যে বর্বর নীতি গ্রহণ করেছিলেন সেটা জন্য ব্যাপার ব'লে চিন্তা বরলে ভ্ল হবে । রে একমান কারণ, ভেস্টেড ইণ্টারেস্ট্রদের ডিফেন্ড করার জন্যই গঙ্গনিফেন্ট এই পালিসি বিপ্রেসন গ্রহণ করেছিল। একই ভেস্টেড ইন্টারেস্ট্রদের স্বাথই এই পালিসির পিজনে কাজ কর্মছিল। একটা পবিকল্পনা নিয়ে কংগ্রেসী সরকার জনসাধারণের উপর এই ব্রটাল বিপ্রেসন চালিয়েছে। আমি এখানে শ্র্যু একটা ঘটনার উল্লেখ করব। ধর্মতিলা ব্যাড়ের একটি ছেলে হারাধন পাল চান করতে গিয়েছিল, গলির ভিতরে তাকে প্রিলস গ্রেলী করে সে মা মা ব'লে চিৎকার ক'রে পড়ে যায়। মা তাকে জড়িয়ে ধরে--

Mr. Deputy Speaker:

আপনি या वलाइन তाव मरून चार्मात वामारतत स्वान मन्त्रक नाहै।

[5-30—5-40 p.m.]

8]. Subodh Chandra Maiti:

মাননীয় ডেপ্টি স্পীকার মহোদয়, গতকাল বিরোধীপক্ষের সদস্য প্রীহরেকৃষ্ণ কোনার এবং আজকে যতীন চক্রবর্তী মহাশ্য়ে খাল্য ডিবেটে অংশগ্রহণ করে কাঁথি সম্পর্কে বৈ মহতবা করেছেন আমি তার প্রতিবাদ করতে চাই। যথন ১লা জান্যারি থেকে খাদ্য কণ্টোল নীতি প্রয়োগ করা হ'ল তখন থেকে মোদনীপ্র জেলা কংগ্রেস কমিটি সক্রিভাবে চেন্টা করেছে যাতে প্রকিওরমেন্ট ভালভাবে হয়। জেলা কংগ্রেস কমিটির তরফ থেকে খাদ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীর কাছে সিম্পানত জানিরে বসা হয়েছে আমাদের জেলা মজ্বদারদের কাছ থেকে ধান সংগ্রহ করা হোক। এখানে মাননীয় সদস্যারা অনেক বিকৃত তথা সরবরাহ করেছেন। স্তরাং স্থানীয় এম এল এব আ এম এল সি-দের দোষারোপ করে যেকথা বলা হয়েছে তা অসতা। গভর্নমেন্ট বখন বলালেন বাদের ৩০০ মণ ধান আছে ত দের লাইসেন্স করতে হবে তখন তারা ডিউলি লাইসেন্স পাবার জনা দরখানত করেছিলেন এবং ফি জমা দিয়েছিলেন। স্বেশ্চন্দ্র জানা এবং শিশিরচন্দ্র জানা —এদের কাছে ৮৭২ যাণ ধান থাকায় ২৮-২-৫৯ তারিথে সেই ধান সীজ করা হয়, কিন্তু এটা সমস্তই ম্যালিসাস। এ থেকেই প্রমাণিত হয় সে, তাদের কোন দোষ দেই। তারা

ভাষের ধানের স্টক বাকি রিটার্ন সরকারকে দিয়ে বলেছেন যে, তাদের কাছে ৮৭২ মণ ধান আছে। ঐ ৮৭২ মণ ধান এস ডি ও সীজ করে বিক্রয় করেছে—তারপর তাদের ধরা হয়েছে। অথচ এই এস ডি ও-র প্রশংসায় বিরোধীপক্ষ পঞ্চমুখ। অর্থাৎ যদি সরকারের কিছা ভল হয় তা হলে এরা সরকারী কর্মচারীদের কখনও দেপয়ার কবেন না কিল্ড যখন ওরা পরেন্ট সট করেন তথন সেই কর্মচারীদের প্রশংসায় পঞ্চমুখ হয়ে ওঠেন। সেই কেসগলো যথন কোর্টএ আদে তথন এস ডি ও সেগলোকে ছেডে দিতে বাধা হয়েছিল। আমি মনে করি যদি এস ডি ও অনায় কাজ করার ফলে যদি ট্রান্সফার হয়ে থাকেন তা হলে কিছ, অন্যায় হয় নি। পরন্ত তাকে ডিনোট করা উচিত ছিল ব'লেই আমি মনে করি। বিরোধীপক্ষ থেকে বলছেন যে, ভেপুটি মিনিস্টার অফ ফুড - চারু মোহান্তি তাদের ছেড়ে দেবার জনা ডাঃ র য়ের কাছে এসে ভাষ্বির করেছিলেন। কিন্ত তা সতা নয়। আমরা সকলে এসে ডাঃ রায়ের কাছে আবেদন ক'রে বলেছিলাম যে, ধান সরকাবকৈ যা দিয়েছি তা দিতে আমরা বাধ্য—তবে আপনি ন্যায়বিচার করনে। কিন্তু যাদের আারেন্ট করা হয়েছে সেই আারেন্ট সম্পূর্ণ অভিসন্ধিমালক। অভএব আজকে একটা কথা থেকেই প্রমাণিত হচ্ছে যে, বিরোধীপক্ষ আজ এখানে যেসমস্ত তথ্য উপস্থিত করেছেন তা সবই অভিসন্ধিম লক এবং এগালো খাদা আন্দোলনের অন্কেলে যাবে মনে করেই সমস্ত তথা বিকৃত করে উপস্থিত করেছেন। প্রোকিওবমেন্ট করলে এতগুলো লোকের পক্ষে অস্বিধান্তনক হবে। মাননীয় খাদামন্ত্রী মহাশয় কাল বলেছেন যে, ১৩ লক্ষ লোকের কাছ পেকে ধান প্রোকিওর করা এক বিবাট ব্যাপার, অত মেসিনারি নেই এবং এতে হ্যারাসমেন্ট হ'তে পারে। একটা কথা গোড়া থেকেই বোঝা যাচ্ছে যে এই জিনিস চালাতে গেলে হ্যাবাসমেন্ট হ'তে বাধা। কাজেই এই প্রোকিওবমেন্টএর বাবস্থা করা সত্তেও পরে সরকারকে ত' প্রত্যাহার ক'রে নিতে হয়েছে। কিন্ত তা হলেও সবকাব চপ ক'রে বসেছিলেন না। কেন্দ্রেব কাছ থেকে সাহায্য নিয়ে যারা চার একর পর্যন্ত জমিব মালিক তাদেব বেশন দেবার বাবস্থা করেছেন। এ ছাড়া ড্রাই ডোলের পরিমাণ বৃদ্ধি করেছেন এবং কোন কোন জেলায় তা ৬০ পারসেন্ট পর্যবিত দেওয়া হয়েছে। মডিফায়েড বেশনও স্বকাব ম্থেণ্ট বন্ধি করেছেন। মেদিনীপরে জেলায় গত অগাস্ট মাসে ৫৫ হাজার মণ চাল গিয়েছিল এবং সেপ্টেম্বর মাসে পরেরায় এক লক্ষ মণ চল সেখানে গিয়েছে যাতে ক'বে জেলাব সমস্ত লোক মডিফায়েড রেশন পেতে পারে। কাজেই দেখা যায় যে, যাতে দেশের জনসাধারণের খাদ্যসমস্যা দূর হয়ে যায় তার জনা সরকার সমুহত রক্ষ চেন্টা করছেন। কিন্তু আন্দোলনের শেষের দিকে থাদোর দাম যথন কমে আসছিল তথনও আন্দোলন করার সার্থকতা কি থাকতে পারে আমি ক্মতে পারছি না। আমি বৃত্তি যে, কমিউনিস্ট পার্টির এই আন্দোলন কেবালার ঘটনার জন্য। সেখানকার অবস্থার সংগে আমাদের অবস্থার তুলনা করলেই সেটা বেশ বোঝা যায়। গত ১ই মার্চ বাংলাদেশে প্রাইস কন্টোল হয়েছিল। কিন্তু আমরা জুনি তাবপুর যখন কেবালায় চালের দাম মণপ্রতি ৫-৬ টাকা বৃদ্ধি-প্রাণ্ড হয় তথন কিন্তু তারা সেখানে কোন আন্দোলন কবে নি বা সেথানকার সরকাব একটি হোডারকেও ধরে নি বা ১ ছটাক ধান প্রোকিওব কবতে পাবে নি-কেননা সেখনে কমিউনিস্ট পার্টির সরকার। আর যেহেড পশ্চিম বাংলায় কংগ্রেস সরকাব কান্ডেই এথানে আন্দোলন করতে হবে। খাদাদণ্ডরের গাফিলভির কথা আমি একেবাবে অস্বীকার করব না। কিন্ত গদি কেরালার ঘটনা উল্লেখ কবি তা হলে দেখব রাইস ডিল নিয়ে সেখানে যে কেলেঞ্কারি হয়েছিল তা স্বীকত স্তা। কিন্তু তা সত্ত্বেও সেখনকাব খাদামন্ত্রীব পদত্যাগ এরা দাবি করেন নিঃ কেননা সিজারস ওয়াইফএর মত সেখানকার কমিউনিস্ট খাদামণ্ডী হচ্ছেন সমস্ত অসতোর উধের। কাজেই এইসমুস্ত কথা যদি চিন্তা করি তা হ'লে আমরা দেখব যে, খাদ্য আন্দোলন নিয়ে এ'রা ষা বলছেন তা স⊲ই অভিসন্ধিম লক। কেরালায় এ'দের যে পরাজর হয়েছিল তাকে ম.ছে দেবার জন্য এই দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির অন্তরালে আন্দোলন করে দেশের লোককে ধেকি দেবার চেণ্টা করা হচ্ছে। আজু আমি একথা অতান্ত জোরের সপো বলতে পারি যে, তাদের এই অন্দোলনে মেদিনীপর জেলার কোন কৃষক, মজুর আসে নি। এমন কি নন্দীগ্রাম-বেখানে কমিউনিস্ট প্রাধান্য বেশি ছিল সেখানকার জনসাধারণ পর্যস্ত তাদের ধেকার আসে নি। তার-পব যাও কিছ, কিছ, লোককে নানাবকম ভাঁওতা দিয়ে নিয়ে এসেছিলেন তারাও পরে এ'দের ব্রুবতে পোরে সরে পড়েছে। আজকে যদি সতা কথা বলতে হয় তা হলে আমি বলব ষে. টু ফিল আউট অফ ট্রাবল্ড ওয়াটার হচ্ছে এ'দের একমাত্র উন্দেশ্য। জনসাধারণের প্রতি দরদী इरत जीता এই जाल्यानन करत नि—व करतरह ग्रंथ, निर्मालत शाधाना विन्जारतत मना।

[5-40-5-50 p.m.]

Sj. Phakir Chandra Ray:

মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গা-সবকার যে খাদানীতি অনুসর্গ করেছেন সেই খাদানীতির থানিকটা সংশোধন এবং পরিবর্তন কবলে অনেকাংশে তীব্রত। হাস পাবে বলৈ অমি মনে করি। এই হিসাবে আমি কয়েকটা সাক্তেসশন আপনার সামনে উপস্থাপিত করতে চাই। প্রথম হচ্ছে যে, কৃষি দণ্ডর, খাদ্য দণ্ডর, সমাজ-উন্নয়ন দণ্ডর এবং সেচ দণ্ডবের মধ্যে উপযক্ত পরিমাণ সমন্বয় থাকা দরকার এবং এর ফলে উৎপাদনও অনেক বাডবে। দ্বিতীয়ত, চাষীকে যে সার দেওয়া হয় তার মূলা টাকায় না নিমে ধানে নিতে হবে। তৃতীয়ত, দশ বা ডার উধের যাদের জমি আছে সেসমুহত চাষীদের কাছ থেকে জমির খাজনা ধানে নিতে হবে। চাষের धारनंत्र नाम यनि निर्धातन कतरण दस जा हाल छेरभानरनंत्र चत्रह कछ, हासीच चत्रह कछ स्त्रीमक দিয়ের কিছত্র রেখে যাতে চাষীর ক্ষতি না হয় সেভাবে দাম নির্ধারণ করতে হরে। আমি বলব সরকারকে ধানের বাবসাধী হওয়া উচিত এজনা যে যাতে বাজাবে দিথর । থাকে। সরকারের হাতে যে ধান জমবে সেই ধান পল্লী-অঞ্চলের বিভিন্ন জায়গায় চারিয়ে রাখতে হবে। অর্থাৎ দঃসময়ে চাষী যাতে দেড়া ধান দিয়ে মহাজনদের কান্ত থেকে ধান বাড়ি না নেয় সেজনা এই ব্যবস্থা করতে হবে। এর ফলে হবে কিনা যে, চায়ী দ**ু**সময়ে সরকারী স্টক থেকে ধান ধার পেতে পারবে। ফার্টিলাইজারের ব্যাপারেও এই বাবস্থা করতে হবে। সরকার মিলওয়ালাদের ক ছা থেকে ধান সংগ্রহ করেন। কিন্তু আমি বলব যে, কাতক ধানকল এবং কাতক হাস্কিং মেসিন এই দ্বারের উপর সরকারের মর্গলকানা থাকা দরকান। ধানচালের উপর যাতে বা**কি কারবার** না থাকে সেণ্ডনা স্পেট টেডিংএর বাকথো সরকারকে করতে হবে। ফেয়ার প্রাইস শপ এবং **এম** আব শপ যাতে দেশের বিভিন্ন অঞ্চলে হয় সে বলস্থা করতে হবে। বর্তমানে যারা ডিলার বরেছে সেই ডিলারসের রাভ করতে হবে। এবং বর্তমানে যে ফুড কমিটিগালি আছে এই ফুড কমিটিগালি বোনুকাজের নয়। অমি বলব সমুস্ত **লোকাল** বজির উপবাদ্ভ আনভভাইদাবি কমিটির যে কাজ সেই কাজ দেওয়া হোক। তারাই ধর্মগোলা মরগানাইজ বরুবে এবং কে'-অপারেটিভ বেশিসে ডিভিয়বিউশন প্রোডাকশন অবগানাইজ করতে পাবৰে এই ক্ষতা ভাষেৰ দেওখা উচিত। সেণ্টাল **গভন মেণ্টকে একথা** বলা খোক যে যত ইন্ডানিট্রাল পপ্লেশন আছে সেই ইন্ডান্ট্রাল পপ্লেশনকে খাওয়াবার দায়িত্ব সেণ্টাল গভনানেণ্টকে নিতে হবে আৰু বতামানে আমনদেৰ দেশেৰ যে অবস্থা হয়েছে ভাতে ফা্ড আবিট বদলানো দবকাৰ। এটা শ্ধা বক্তা কবলে হবে না এটা গভনামেটের একটা এড়কেটিভ কান্দেপনএর অংশ হওয়া দরকার।

8]. Haridas Mitra:

মাননীয় ডেপ্রটি স্প্রিকার মহাশ্য, প্রদেষ্য ডাঃ প্রফ্রেছে ঘোষ আগলি করেছেন আয়াদের খাদা-মন্ত্রীর কাছে তাঁকে পদত্যাগ করাব জনা। আমি বলব যে, আজকে যিনি বাংলাদেশকে মহাশম্পানে পরিণত করেছেন ব্যভুক্ষার যে আত্নাদ উঠেছে তাতে তাকে আপীল করার দরকার নেই, আজকে তাকে বাধা কবাতে হবে পদত্যাগ করবার জন্য এবং তাব কোন মানবিক নৈতিক অধিকায় নেই এই গদিকে আঁকড়ে থাকবার। খাদা তিনি দিতে পারেন নি। গ্রাম গ্রামাণ্ডর থেকে মান্ব এখানে এসে তাব কাছে গ্লী খায় লাঠি খায়। তামরা দেখেছি যে, গত ৩১এ অগাস্ট এবং ১লা সেপ্টেম্বর সম্পূর্ণ তারই প্ররোচনায় তার প্রলিস তাদের লাঠি মেরে গলে কারে বিদ্রাদত করার চেণ্টা কবেছে। এত বড় অতাচার এবং সমসত মান্দের বির্দেধ এত বড় অপমান বাংলাদেশের মান্যে নীরবে মাথা পেতে দেবে না। তিনি যদি মান্যকে হত্যা না করতেন তা হলে আমরা বিশ্বাস করি গত ১লা তারিখের পর বেসমস্ত ঘটনা ঘটেছে সেইসমস্ত ঘটনা ঘটত না। মনে পড়ে, ১৯৫৭ সালে প্রথম আনসেম্বলিতে বিরোধী দলের তর্ক থেকে বলা হয়েছিল বাংলাদেশের চরম দ্রভাগ্য যে, প্রফল্ল সেন আবার এই স্ম্যাসেম্বলিতে এলেছেন। অমি বিশ্বাস করি, তাই আজকে বাঙ্গা লীকে বাদাসমস্যা সমাধানের জনা ভূপতে হচ্ছে। তাদের এই ১২ বছরের খাদানীতি একটা ধাপ্পাবাজির ইতিহাস। তিনি সংখ্যাত**ন্ত** বিশারদ মশ্রী। তত্ত্ব এবং তথ্যের মায়াজ্ঞাল তিনি স্থিট করে থাকেন। কখনও তিনি শাক দিয়ে মাছ ঢাকেন আবার কথনও মাছ দিয়ে শাক ঢাকেন। ১৯৫৮ সালে কণ্টোলের আগে তিনি বললেন বে, সাড়ে নর লক্ষ টন ঘাটতি হয়েছে। তারপর বি বি ঘোর, সেন্টাল ফ্রভ সেক্টোরি বখন এসেছিলেন



তথন শূনলাম এগার লক্ষ টন ঘাটতি। সমস্ত কেন্দ্রীয় সরকার বিদ্রান্ত হরে গেল তাঁর কথার। তারপর ডাঃ ঘেষ যখন সমসত মেসিনারি নিয়ে গেলেন তখন দেখলাম পনের লক্ষ টন ঘাটীত —তাঁর বিব্যতিতে পাই যোল লক্ষ টন। ন' লক্ষ টন থেকে যোল লক্ষ টন এই সংখ্যাতত্ত তিনি তৈরি করেছেন। এই গোঁদ্ধামিল দেবার দরকার কি? বায়বহ,ল খাদ্যদশ্তর রাথবার দরকার কি ? এত অফিস এত লোকভনের প্রয়োজন আছে ব'লে আমরা মনে করি না। যদি এইসব অসতা বেসাতী তাকে দিনের পর দিন করতে হয়? স্টাাটিস্টিক্যাল ইনস্টিটিউট আছে. গভর্ম-মেন্টের স্ট্রাটিস্টিক্স ডিপার্টমেন্ট আছে তারা কি একটা স্ট্রাটিস্টিক্স মান্ত্রের সামনে রাখতে পারে না? জনসাধারণকে তা হলে বলে দিন যে, তাদের খাদোর ব্যবস্থা তারা নিজেরা ক'রে নিক। একে খাদাসমস্যা সমাধান কবতে পারে না তার উপর গোদের উপর বিষ ফে'ডার মত আবার উম্বাস্কু বিভাগ তিনি হাতে নিয়েছেন কোন্ অধিকারে? আমাদের বাংলাদেশে জমি কম। আমরা উন্দাস্ত আন্দোলনের সময় বারে বারে দেখিয়েছি কোথায় কি জমি, বিল, বাউরী আছে। বাংলাদেশের বিভিন্ন জায়গায় যেসমুহত বিল রয়েছে তর সংস্কার হয় নি। এই তো কা**লকে** আ্যাসেদ্বলিতে এ সদ্বশ্যে প্রশ্নোতরে দেখা গেল বড়তি বিল এবং শিউড়ির বিভিন্ন বিলগ,লির সংস্কারের কোন বন্দোবসত হচ্ছে না। হবে কেমন ক'রে - তাদের কোন °ল্যান নেই, কোন স্ক[ী]ম নেই। মান,মেব উপর কোন দরদ নেই, কোন চিন্তাধারা নেই আছে মান,মের প্রতি অবহেলা, অস্থিরচিত্ততা : এমনি ক'বে খাদাসমস্যা সমাধান হবে? পশ্চিমবংগ এক কোটি ৩২ লক একর ফলন জমি রয়েছে, তার মধ্যে ১ কোটি ২০ লক্ষ একরে খাদাশস্য তৈরি হচ্ছে: এর মধ্যে শতকরা ৮০ ভগ হচ্ছে ধানেব ভানি এবং এই ৮০ ভাগ ধানের জনির মধ্যে শতকরা ৬৫ ভাগ হচ্ছে আমন ধানের জমি।

[5-50 --6 p.m.]

আমরা সবাই জানি যে, আমন ধানেব জমি সাধারণত এক ফসলেব - দোফসলা করার জন্য কোন ব্যবস্থা করেছেন ৷ খাদাশসা বাডাবাব জনা আপনারা কি ক্রেছেন ৷ বড বড পরিকল্পনা हरसंख्य मस्तानाकी हरपटक, नाटमानत र स्मार्टक जान कथा, किन्द्र एकाठे एकाठे भतिकक्ष्मनात माधारम যদি খাদাশস্য বাডাবার ব্যবস্থা না করা যায় তা হলে কেমন করে চলবে? টিউবওয়েল তৈরি ক'রে বড় বড় দীঘি কেটে দিন অংশ ভালগায় সেচেব বাবস্থা হ'তে পাবে। সবচেযে বড় কথা চাষীকে জমি দেওমার কাবংগা কর ন তা হ'লে ফসল বাডতে পাবে। বাংলাদেশে ভাগচাষী ৬ লক্ষ্য আর ৭ লক্ষ হচ্ছে ভূমিহীন চানী। এদের তো কারও ভূমি নেই এদের ভূমি দেৰার ব্যবস্থা আপনাবা কি ক্রেছেন ? জুমিদাবি দখল আইন আজু ৫ বছর হ'ল চালু হয়েছে। কথা ছিল ৪ লক্ষ্যকর জাম পারেন কিন্ত পেয়েছেন মর ২০ হাজার একর জামি- তা হলে এই ৪ **লক্ষ** একব জমি যদি আপনাদেব পেতে হয় তবে ২০ বছর লাগবে। এতে কি **ড়মিসমস্যার मभा**धान श्रद ? आश्रमाता कल्छील कर्त्व धानहात्लत पत (व'र्ध पितलन, किन्छ **कल कि शंल**? **हार्योत घरत**त थान जाव छेरशापन भारताय करम हारत राजन। त्नांहित निरामन करन्योल आतरह, কন্টোল আসছে এইরকম বাববাব ব'লে মজ্বভদারদেব আপনারা স্থাবিধা ক'রে দিলেন। চোরাকারবারীদের একটা বাধ্যথা ক'বে দিলেন তাদের পকেট ভর্তি করার কিন্ত বর্ণনব্যবস্থা কোথ য়? বণ্টনের ভাল বন্দোবদত করলেন না। সিকিউবিটি আছে আছে পি ডি আছে আছে কিন্তু এই চোরাকাববাবীদের আপনারা ধনুলেন না। পি ডি আক্ট্রে, সিকিউরিটি আক্টে এইসমস্ড চোরাকারবারীদের বির্দেধ প্রয়োগ কবাব ক্ষমতা আপনাদেব নেই। চোবাকারবাবীদের যদি আপনারা ধরেন তা হলে আপনাদেব সরকাব চলবে না। আমি বলি এদের সমস্ত সম্পত্তি বাজেরাগত কাবে জেলে দিন। তা যদি না পারেন তা হ'লে রাস্ত য় লোকের সামনে দাঁড় করিয়ে जारमत १ भन्नत हार के मातात वरमायम्य कतान- एमथय कहा हाताकातवाती समानसाय मीस्टिस থাকতে পারে। আপনাদের যদি সে সাহস থাকে তবে আমরা কো-অপারেশন দিতে রাজী আছি किन्छु সোজा হয়ে দাঁড়িয়ে বলান, অন্যায় য়ে কয়বে আয় অনয়য় য়ে সইবে তাদের আপনায়। **জব্দ করবেন. তার জন্য আইন তৈ**রি করবেন— তা হ'লে নিশ্চরই আমরা আপনাদের সংশ্ কো-অপারেট করব।

ডেপটে প্রীকার, সাার, খবরেব কাগকে বেরিয়েছিল কয়েকদিন আগে বড়বাজারে একটা টি-পার্টি হরেছিল, সেখানে বড় বড় রুই-কাতলার দল গিয়েছিলেন। সেখানে বিলি-বন্দোকত হয়েছিল। থাদাদশ্তরের মহা মহা লোকেরাও সেখানে ছিলেন। তারপরে আমরা খবরের কাগাছে দেখলাম যে, হাওড়া স্টেশনে রয়াল এক্সচেন্ত শেলসের একজন ব্যবসায়ী তিনি কন্দ্রোলের সমন্ত্র ৮ হাজ র মণ চাল এনেছেন উড়িয়া থেকে। সেটা ধরা পড়েছিল পর্নালসের কাছে চাল চলে গেল কাশীপ্রের সরকারী গ্লামে। কিছ্বিদন পরে খবর পেলাম সেই আট হাজার মণ চাল আনফিট ফর হিউম্যান কনজাশ্পশন বলে ঘোষণা করে অতি সামানা দামে আপনারা বিক্তি করে দিলেন এবং খবর পেলাম যে, রয়াল এক্সচেন্তা শেলসের সেই লোকের কাছে সেই চাল গেছে। আমরা এও খবর পেলাম যে, এই ফাইলটা প্রফ্লেরাব্র নিভের কাছে রয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা অসতা কথা।

Sj. Haridas Mitra:

অসত্য কথা বলবেন এ তো জানি। আমরা জানি যে, সেই আট হাজার মণ চাল নিয়ে র**রাল** এক্সচেঞ্জ পেলসের সেই বারসায়। চেন্দাক্রবার করেছেন। এটা খববের কাগজে বেবিয়েছে, আ**পনি** নিশ্চয়ই দেখেতেন। আমৰ বাৰবার এই আন্সোমবিরত মলেছি আমাদের পার্টির ত**রফ থেকে** রেজনিউশন ক'বে আসনাদের কাছে পাঠিয়েছি যে, ৫ এক টন খাদা আপনারা স্টক কর**ু**ন। **এটা** ষ্টক করলে আপ্রাদেধ কি ক্ষতি হ'ত । আপ্রারা যদি তা ষ্টক করতে পারতে**ন তা হলে** মজ্যতদাবের। তথ খেলে যেত । এবা অন্তত সাহস করত না আনেকে চোরাকারবার করার।। **আশোক** रमार किमी दक्षा दालएक। ১৯১২ भारत वास्ताएक्स यथन लग्न **लग्न मर्ताहल स्मरे** সম্প্র প্রেপ্ত বি কমিটি স্প্রেস্থ্য বেখে। গিয়েছিলেন এইবক্স গভর্ম**মেন্টকে স্টক করতে হবে।** বলবেন উত্তাৰ এভাৰ। যাব্য মজ্যুদালী কৰে ভাৱা ব্যা**ণ্ক থেকে টাকা পায়।** भार्शन कि १२५५ तमक ५क शिन्छन्। विलाह वाएक थ्याक प्रोका **१४८७न ना?** বলেছেন অন্যাস অগ্রানিকেশন নেই সাবংলাস যোগাড় কববার জন্য সমুষ্ঠ **জায়গায়** আমার হুগ্রিকেশন কেই। তাই তো বলি চোরাকাববাবীদের ধরবার আ**পনার** भारेन रुप्टे भाषनात प्रधारिक्किन भाषानिरक्षमा स्वेरा आहे **मान्यरक भामी काउ** মাববার এগ নিমান্ত্র। মান্ত্রকে মেবে পথের উপর নিয়ে টোনে হিচড়ে নেবার আরু **রাতের** অন্ধ্রতে বাজান এক মান্থতে বন্দী কববাৰ সময় অর্থানিজেশন চোৱাকারবারীদের জন্দ করবার সময় আইন আপনাদের নেই অগ্রিন্ডেশন আপনাদের নেই। অনাহারে **অনিদায় ক্ষ্যোর** েজনায় যখন মান্য পাগল, সাপনাব। লাঠিক আঘাতে আৰু কুলেট ব্য**াণের মধ্য দিয়ে তাদের** দাবিকে বছন্ত বাবে দিলেন। ৩১এ থেকে ৩বা প্রবিট আপুনারা যা ক্রেছেন তার **কোন** কৈফিয়ত থকেতে প্ৰবে মা। সমুহত খববেৰ কাগজে বিপোট বেৰিয়েছে, কো**থাও কোন প্ৰতিরোধ** হয় নি। আপ্নার, বরছেন সেন্টাল্এর ব্যবস্থা পার্যলিক প্রেসার্ত্র একটা একপেরিমেন্ট **যাত।** এটা কি তোঘলকঃ শাসন হেং, একটা পার্বালক এক্সপেনিয়েন্ট করেছেন কোটি কোটি মানুষের খাদোর বাবস্থা না ত বে কি ভীষণ অন্যায় দেখালেন। আপনারা লেভির কথা ব**লেছেন**— ভেবেছিলেন ১ जन्म १० शक्त छेन। लाउन। लाउन १०० शक्तात छेन। किन्छ कन लान? এত কম ব্যবস্থা কেন আপনাদের থাকে? আমাদের পরিকার দাবি কেন্দ্রীয় সরকাবের হাতে দিন খাদদপত্র। তারা যখন আপনাদের চাল সাংলাই করছেন, বংটনের ব্যবস্থাও তাঁদের হাতে দিন যেটা সাংলাই দিচ্ছেন তা কটনও তারাই করবেন। এই ডায়াকির অবসান হোক বিভিন্ন জায়গায় যেসমসত রিলিফ কমিটি আছে সেগ্রলি শুগু কংগ্রেসের লোক নিয়ে করেছেন তার অবসান কর্ম। ক্রীথ থেকে চিঠি পেরেছি সেখানে আপনারা দলীয় ব্যক্থাই করেছেন। আমরা বলব স্বাইকে ডাকুন তাতে সমসার সলিউশন হবে। এখনও বাঁচার পথ আছে, যদি বাঁচতে চান পালিয়ে বাঁচুন।

Sj. Nishapati Majhi:

মাননীয় ভেপ্টি প্পক্তির মহাশয়, এই সভায় সবচেয়ে বড় দ্বেজনক বিষয় এই যে, যে বিশ্বসভা খাদানীতি, থাদাসংগ্রহ এবং খাদ্যবংটন বিলি এবং উৎপাদনের জন্য দায়ী সমগ্রভাবে সেই মন্তিসভাকে দায়ী না ক'রে এখানে শ্রুদেধয় শ্রীপ্রফাল্প গেয় মহাশয় বললেন, প্রফাল্প সেন মহাশয় এই রাজ্যকে শ্মশানে পরিণত করেছেন। আমি এখানে বলতে চাই এবং অভ্যানত দৃঢ়ভাবে বলতে

চাই যে, তিনি বিগত বার বংসর ধরে অনেক দূর্যোগের মধ্য দিয়ে কঠোর শ্রম করে বাংলাদেশের অনেক অনাহারীর ম:খে অল্লদানের যথাযথ ব্যক্তথা করেছেন। (নয়েজেস আল্ড ডিসটারব্যান্সেস ফ্রম দি অপে।জিশন বেঞ্চেস।) বন্ধাবরদের একথা গায়ে লাগবে, কেননা তাঁরা ১৯৫৭ সালে খাদ্যনীতি ব্যর্থ হয়েছে একথ। বলেছিলেন –জনগণের সামনে এর্প কট্ট্তি করতে তাঁরা কস্কর করেন নি, কিম্তু তার ফল কি হয়েছিল? আজ ১৫২ জন আমরা এখানে এসেছি এবং আমরা মন্দিসভা গঠন করেছি এবং যত্তে দায়িত্ব নিয়ে এই রাজ্যের খাদ্যবণ্টনের ব্যবস্থা এবং আরও যেসমুহত দিক আছে খাদোর ব্যাপারে তা স্কারবেরপে পালন করছি। আজ ও'দের গারদাহ হচ্ছে --বিশেষ ক'রে কমিউনিস্ট পর্নির্টর বন্ধনুদের। তাঁরা বিধানসভার ভিতর যে কদর্য এবং উল**ন্দা** ভাষা ব্যবহার ক্রেন এবং কত্রন্ড অসত্য বলতে পারেন তার একটা জলজ্যান্ত উদাহরণ আমি দিচিছ। ডাঃ রণেন সেন বলেছেন আমরা জানি ১২ বিঘা জমিতে ৫ মণ ক'রে বিঘাপ্রতি ধান হয় অতএব সার্প্লাস বিভাই থাকে না সূব ডাইনে বাঁয়ে খরচ হয়ে যায়। একথা অসতা। আজ ১২ বিঘা জমিতে বিঘাপ্রতি কমসে কম সাত মণ ক'রে ধান হয়-এটা আমি চোথের সামনে দেখেছি। তাই যদি হয় তা হলে সেথ নে ৮৪ মণ ধান হয়। চার জন লোকের পরিবার হিসাবে ধরলে তার মধ্যে তিন জন প্রাণতব্যস্ক যারা সকাল, সন্ধ্যায় রাত্রিতে মিলিয়ে একসংখ্য ভাত-ভাল তরকারি মিলিয়ে একসের চাল থায়। তা হলে দেখা যাবে দৈনিক ৪ সের চাল খরচ ধরলে भारत वहरत थतह इस ७४३ मन এवः अमाना थतरह २**७३ मन यास—स्मर्थान थाकल आमारमत २०** মণ। আমি একথা বলতে চাই যে, এই ২০ মণ খাদ্য আমাদের ভয়ে সেই পরিবাব নিজেদের ২ মাস. ৪ মাস. ৬ মাস বা ৯ মাসের খোরাক মজতে না রেখে দিয়ে দেবে। এটা পশ্চিম বাংলার বা অথন্ড বাংলার কে নদিনই নীতি ছিল না।

[6-6-10 p.m.]

এক বছর, দা বছরের খাদা তাঁবা বে'ধে রাখেন অনেক দার্যোগের সম্মাখীন হাতে হবে বালে। আজকে আমাদের দুর্ভাগা যে, ১২ বংসব স্বাধীনতা লাভের পরেও শহর অণ্ডলে খাদ্য যোগান দেবার জন্য পত্নী অঞ্চলকে অনিশ্চয়তার মধ্যে পড়তে হচ্ছে। এবং তারই মাঝখানে সিম্বার্থশিঞ্কর রায় মহাশয় বলবার সালস পেনেছেন যে, কলিকাতা শহরে সাডে সতের টাকা দরে চাল এ**নে বিক্রয়** করা হোক। আমি শ্রীসিম্পার্থশৃত্রত বাষকে আহ্বান কবছি, তিনি বীরভূম জেলায়, যেথানে মিহিরবাব্য থাকেন, সেখানে সভায় গিয়ে বলান যে, সেখান থেকে ১০-১১ টাকায় ধান কিনে, তা দিয়ে কলিকাতা শহরবাসীকে খাওয়ারেন। তা তারা কথনও করতে দেবে না। বছর বছর ধরে এই অন্যাচাব গ্রামের ক্ষেক্র। নীরবে সহ। ক'বে আসছে, আজ তারা আর সহ্য করতে প্রশত্ত নয়। চামের জনা খরচ ইত্যাদি ক'রে ফসল উৎপন্ন ক'রে চাষী তার উপযুক্ত মূল্য পাচেছ কিনা, বিবেচনাযোগ্য। ক্রিটনিস্ট পার্টিব তরফ থেকে কথা উঠেছে তাদের ঘর থেকে প**চি লক্ষ** টন চা'ল টেনে বেব ক'বে নিয়ে এসে এই বাহতব কলিকাতা শহরের **লোকদের এবং অন্যান্য** খাদাক্রয়ক রীদের খাওসাবাব বাবপথা করা হোক। অর্থাৎ যারা খাদা উৎপন্ন করবে তারা অনিশ্চয়তার মাঝখানে ঝাঁপিয়ে পড়াক। এটা শানতে বেশ ভাল লাগে, কিন্তু বাস্তবের সপ্তে ভাঁদের কোন সম্পর্ক নেই। াবা বাস্ত্র দিক্টা জানেন না। পশ্চিম বাংলার ৩১ **লক্ষ কৃষক** পরিবার আজ কতটা খান অমি তাব মোটামাটি একটা হিসাব ক'রে দেখেছি। ২৯ **লক্ষ** টন তাদেব খাদা বাবত খরচ হয়ে যায়। সেইজনা অন্তত তাব অর্ধেকটা তারা নিজেদের কাছে। রেখে দেয়। কেউ এক মাসের, কেই দ[ু] মাসের, কেউ তিন মাসের বা ছয় মাসের খাদ্য **মজ**ুত রাখেন। অর্থাৎ কমসে কম ১২-১৩ লক্ষ টন খাদ্য তাদের রাখতে হর, তাহলে বাকি কতটা থাকে সেটা একটা চিম্ভা ক'রে দেখান।

১৯৫৪ সালে এখানে ৫৩ লক্ষ্ টুনের কাছাকাছি খাদ্য উৎপার হরেছিল। ভাই কিছ্টো স্বাক্ত্য অবস্থা দেখা দিরেছিল। আরু দুঃখের বিষর, রাজনৈতিক দলগালি কংগ্রেসের আহ্বানে, মন্দ্রিসভার আহ্বানে, প্রফাল্ল সেন মহাশরের আহ্বানে হাতে হাত মিলিরে বিদি অধিক খাদ্য উৎপাদনের দিকে যন্ত্রবান হতেন তা হলে বছরে ২০ কোটি হ'তে ৩০ কোটি টাকা এ রাজ্য খেকে বেরিয়ে যেত না। কিন্তু তাঁরা অভানত লক্ষাজনক ইতিহাস রচনা করেছেন। ১৯৪২ সালে ইংরেজের হাতে হাত দিয়ে তাদের অর্থে অফিস চালিয়ে নিজেদের যাবতীয় শক্তি সেই ইংরেজের জন্প্রেরণার নিরোগ করে তাঁরা খাদ্য উৎপাদন কার্যে অগ্রসর হরেছিলেন। আর আজকে দেশের

কোটি কোটি টাকা বেরিয়ে বেতে দেখেও নিজেদের কতকগ্রিল নানারকম ভুরা কথা বলছেন। তাঁরা কলছেন, প্রফল্লে সেন মশায়ের পদত্যাগ চাই, এর চেয়ে লম্জাজনক কথা দ্বিতীয় আর কি আছে তা আমার জানা নাই।

[6-10-6-20 p.m.]

Sj. Bhupai Chandra Panda:

